# চট্টগ্রামে শিশু ধর্ষণের দায় স্বীকার প্রধান আসামির



সংগৃহীত ছবি

চট্টগ্রামের বাকলিয়ায় চার বছরের এক শিশুর ওপর যৌন নির্যাতনের অভিযোগে গ্রেপ্তার মনির হোসেন আদালতে দোষ স্বীকার করে জবানবন্দি দিয়েছেন। শুনানি শেষে শুক্রবার তাকে কারাগারে পাঠানো হয়। ঘটনার তদন্তে শিশুটির ডিএনএ নমুনা সংগ্রহ করে ঢাকায় পাঠানো হয়েছে।

শিশুটির বাবা বাদী হয়ে বাকলিয়া থানায় মামলা করেন এবং এতে মনির হোসেনকে আসামি করা হয়। একই ঘটনায় পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে আটক সাতজনের বিরুদ্ধেও মামলার প্রস্তুতি চলছে।

নির্যাতনের শিকার শিশুটি বর্তমানে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। চিকিৎসার পাশাপাশি তার ডিএনএ পরীক্ষা সম্পন্ন করে রিপোর্ট বিশ্লেষণের জন্য ঢাকায় পাঠানো হয়েছে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক জানান, রিপোর্ট পেলে ঘটনার প্রকৃত তথ্য আরও পরিষ্কার হবে, তবে ফলাফল আসতে প্রায় এক মাস সময় লাগতে পারে।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার জানান, অভিযুক্ত ব্যক্তি প্রাথমিকভাবে ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন। এ ঘটনায় এলাকায় উত্তেজনা থাকলেও বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। স্থানীয়রা দ্রুত ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।